# জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)
বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৬৪ তারিখঃ ১৬ মে ২০২৩

## সংবাদ বিজ্ঞপ্তিঃ

## ট্রান্সজেন্ডার ও হিজড়া জনগোষ্ঠীর অধিকার সুরক্ষায় কল্যাণ বোর্ড গঠনের প্রস্তাব করা হবে ড. কামাল উদ্দিন আহমেদ

"ট্রান্সজেন্ডার, হিজড়া, লিঙ্গ বৈচিত্র্যময় জনগোষ্ঠীর সুবিধাবঞ্চিত হওয়ার বিভিন্ন বিষয়, যেগুলো আমাদের দৃষ্টির বাইরে রয়েছে তা আমাদের দৃষ্টিগোচরে আনতে হবে। এসব জনগোষ্ঠীকে নিয়ে ফিল্ম তৈরি, বই রচিত হলে সমাজে ধীরে ধীরে এর ইতিবাচক পরিবর্তন আসবে। মানুষকে এদের সম্পর্কে অনেক বেশি জানাতে হবে।" আজ সকাল ১১ টায় জাতীয় মানবাধিকার কমিশনের সম্মেলন কক্ষে বন্ধু সোস্যাল ওয়েলফেয়ার সোসাইটির আয়োজনে "ট্রান্সজেন্ডার, হিজড়া ও লিঙ্গ বৈচিত্র্যময় জনগোষ্ঠীর মানবাধিকার লঙ্ঘন ও পরবর্তী করণীয়" বিষয়ক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ড. কামাল উদ্দিন এসব কথা কলেন।

তিনি এসকল সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর সুরক্ষা আইনের কথা বলেন এবং সুরক্ষা আইন প্রনয়ণে বিভিন্ন সংস্থার সাথে কাজ করার ওপর গুরুত্বরোপ করেন। তিনি ভারতের ন্যায় বাংলাদেশেও এসব জনগোষ্ঠীর জন্য একটি কল্যাণ বোর্ড স্থাপনের প্রস্তাবনা দেন।

সভায় বন্ধু সোস্যাল ওয়েলফেয়ার সোসাইটি কর্তৃক প্রকাশিত মানবাধিকার প্রতিবেদন ২০২২ উপস্থাপন করা হয়। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় মানবাধিকার কমিশনের সচিব নারায়ণ চন্দ্র সরকার এবং পরিচালক (অভিযোগ ও তদন্ত) মোঃ আশরাফুল আলম। সভায় বক্তব্য রাখেন বন্ধু সোস্যাল ওয়েলফেয়ার সোসাইটির নির্বাহী পরিচালক সালেহ আহমেদ, জাতীয় মানবাধিকার কমিশনের পরিচালক কাজী আরফান আশিক, উপপরিচালক এম. রবিউল ইসলামসহ অন্যান্য কর্মকর্তা ও অংশগ্রহণকারীগণ।

ধন্যবাদান্তে,
স্বাক্ষরিত/-
ফারহানা সাঈদ
উপপরিচালক
জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ।